

ঢাবির ব্যবসায় ইউনিটে ভর্তি পরীক্ষা আজ

অনলাইন ডেস্ক

০৬ ডিসেম্বর ২০২৫, ০৯:৫৫ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা ইউনিটের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ শনিবার (৬ ডিসেম্বর)।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শনিবার (৬ ডিসেম্বর) বেলা ১১টায় শুরু হয়ে পরীক্ষা চলবে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ ঢাকার বাইরে চারটি বিভাগীয় শহরে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকার বাইরের কেন্দ্রগুলো হলো-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বেলা সাড়ে ১১টায় বিজনেস স্টাডিজ অনুষদ ভবনে পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, ব্যবসায় শিক্ষা ইউনিটে মোট এক হাজার ৫০টি আসনের বিপরীতে ৩৪ হাজার ৬২ জন ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থী আবেদন করেছেন।

আমাদের সময়/ টিটিএ

ঢাবি ভর্তি পরীক্ষা